

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৬০

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)
 পরিচ্ছেদঃ নিয়মিত কুর'আন অধ্যয়ন করার নির্দেশ

ذِكْرُ الْأُمْرِ بِاسْتِدْكَارِ الْقُرْآنِ بِالتَّعَاهُدِ عَلَى قِرَاءَتِهِ

## আরবী

760 ـ أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ بِبُسْتَ وَعُمَرُ بْنُ سَعِيدٍ وَعَبْدُ اللَّهِ بْنُ قَحْطَبَةَ قَالُوا: حَدَّثَنَا حَسَنُ بْنُ قَزَعَةَ الْبَصْرِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَوَاءٍ حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي وَائِلٍ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اسْتَذْكِرُوا الْقُرْآنَ فَلَهُوَ أَشَدُّ تَقْصِيًا مِنْ صَدُورِ الرِّجَالِ مِنَ النَّعَمِ مِنْ عُقُلِهَا وَبِلِّسَمَا لِأَحَدِكُمْ أَنْ يَقُولَ: نَسِيتُ آيَةَ كيت وكيت بل هو نُسِي)
قَالَ أَبُو حَاتِمٍ: فِي هَذَا الْخَبَرِ دَلِيلٌ عَلَى أَنَّ الْإسْتِطَاعَةَ مَعَ الْفِعْلِ لَا قَبْلَهُ.
قَالَ أَبُو حَاتِمٍ: عَبْدُ اللَّهِ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان.
الصفحة أو الرقم: 1760 خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৭৬০. আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমরা নিয়মিত কুর'আন পড়া অব্যাহত রাখবে, কেননা কুর'আন, রিশ থেকে উট পালিয়ে যাওয়ার চেয়ে দ্রুতগতিতে মানুষের অন্তর থেকে হারিয়ে যায়, এটা খুব খারাপ যে, তোমাদের কেউ বলবে, "আমি ওমুক ওমুক আয়াত ভুলে গেছি", বস্তুত সে ভুলে যায়নি, বরং তাকে ভুলিয়ে দেওয়া হয়েছে।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসে এই মর্মে দলীল রয়েছে যে, সামর্থ কাজের সাথে থাকে; আগে নয়।"

## ফুটনোট



[1] ইবনু আবী শায়বাহ: ২/৫০০; মুসনাদ আহমাদ: ১/৩৮২; সহীহ মুসলিম: ৭৯০; নাসাঈ, 'আমালুল ইয়াওিমি ওয়াল লাইলি: ৭২৫; সুনান বাইহাকী: ২/৩৯৫; আত তায়ালিসী: ২/৪; সহীহ আল বুখারী: ৫০৩২; তিরমিযী: ২৯৪২; দারেমী: ২/৩০৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২২২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৫৯৬৯।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/২১৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন